
# অক্সফোর্ডে তারেক রহমানের রাজনৈতিক বই নিয়ে বিশেষ আলোচনা




সংগৃহীত ছবি

অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের এক্সিটার কলেজে সম্প্রতি অনুষ্ঠিত হয়েছে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের রাজনৈতিক দর্শন ও নীতিমালা নিয়ে প্রকাশিত বইটির আলোচনা সভা। অনুষ্ঠানের আয়োজন করে অক্সফোর্ড বাংলা সোসাইটি।

শুক্রবার (২৪ অক্টোবর) অনুষ্ঠিত এই সভায় উপস্থিত ছিলেন সাবেক ব্রিটিশ কূটনীতিক স্যার পিটার হিপ, আন্তর্জাতিক মানবাধিকার কর্মী ড. শহিদুল আলম এবং সাবেক সংসদ সদস্য জহির উদ্দিন স্বপন।

বইটির শিরোনাম 'Tarique Rahman: Politics and Policies Contemporary Bangladesh' এবং এটি লিখেছেন 'দি উইকলি রানার' এর সম্পাদক মোহাম্মদ জয়নাল আবেদিন।

LENS ASIA

আলোচনা সভায় প্রধান প্রবন্ধ উপস্থাপন করেন মিডলসেক্স বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক ড. মানজিদা আহমেদ। অনুষ্ঠান পরিচালনা করেন অক্সফোর্ড বাংলা সোসাইটির সভাপতি আহমেদ মুহতাদি ও সাইমুর মুজিব রহমান। অনুষ্ঠানে অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের পাশাপাশি ব্রিটেনের অন্যান্য বিশ্ববিদ্যালয়ের বাংলাদেশি শিক্ষার্থীরাও অংশগ্রহণ করেন।